

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
সেমিনার অনুবিভাগ
২৯ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় সেমিনার বিষয়ক প্রতিবেদন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ‘বাংলাদেশে মাতৃভাষা চর্চা: বর্তমান বাস্তবতা’ শীর্ষক জাতীয় সেমিনার ২৯ ডিসেম্বর ২০২০ মঙ্গলবার, সকাল ১০:০০ টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের আন্তর্জাতিক সম্মেলন কক্ষ (লেভেল ৪)-এ অনুষ্ঠিত হয়।



‘বাংলাদেশে মাতৃভাষা চর্চা: বর্তমান বাস্তবতা’ শীর্ষক জাতীয় সেমিনারের চিত্র

উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন অত্র ইনস্টিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা) প্রফেসর মোঃ শাফীউল মুজ নবীন। প্রধান অতিথির আসন অলংকৃত করেন ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি এবং আমাই-এর পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) জনাব মোঃ ফজলুর রহমান ভূঞা। সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন আমাই-এর উপপরিচালক জনাব মোঃ মিজানুর রহমান। র‍্যাপোর্টিয়ার হিসেবে দায়িত্ব পালন করেন আমাই-এর দু’জন উপপরিচালক জনাব নাজমুন নাহার ও জনাব মোহাম্মদ আবু সাঈদ। সঞ্চালনার দায়িত্ব পালন করেন ইনস্টিটিউটের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল মুমিন মোছাব্বির।

সেমিনারের প্রারম্ভে স্বাগত বক্তব্য প্রদান করেন আমাই-এর উপপরিচালক জনাব মোহাম্মদ আবু সাঈদ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সিকদার মনোয়ার মোর্শেদ (সৌরভ সিকদার)। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. তারিক মঞ্জুর এবং কাপেং ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জনাব পল্লব চাকমা। সেমিনারে শিক্ষা মন্ত্রণালয়, মন্ত্রণালয় সংশ্লিষ্ট দপ্তরসমূহ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ, ভাষাবিজ্ঞান বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ উপস্থিত ছিলেন।



সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপনকারী অধ্যাপক ড. সিকদার মনোয়ার মোর্শেদ (সৌরভ সিকদার)

মূল প্রবন্ধ উপস্থাপনকারী কর্তৃক প্রবন্ধ উপস্থাপনের পর দু'জন বিশিষ্ট আলোচক পঠিত প্রবন্ধের বিষয়ে তাঁদের অভিমত ব্যক্ত করেন। পরবর্তীতে মুক্ত আলোচনা পর্বে কয়েকজন অংশগ্রহণকারী পঠিত প্রবন্ধের বিষয়ে তাঁদের প্রশ্ন উত্থাপন করেন। সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপনকারী উত্থাপিত প্রশ্নসমূহের উত্তর প্রদান করেন।

বাংলা ভাষাসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষাসমূহ সংরক্ষণ ও বিকাশের ক্ষেত্রে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে সেমিনারে অংশগ্রহণকারীগণ অভিমত প্রদান করেন।

বিশেষ অতিথির বক্তব্যে আমাই-এর পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) জনাব মোঃ ফজলুর রহমান ডুঁঞা আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের চলমান কার্যক্রম সম্পর্কে আলোকপাত করেন। তিনি বাংলা ভাষার পাশাপাশি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষাসমূহ সংরক্ষণ ও পরিচর্যার বিষয়েও গুরুত্ব আরোপ করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি বিশেষ অতিথি হিসেবে তাঁর বক্তব্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সাম্প্রতিক কার্যক্রমের অংশ হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মুখ্য পৃষ্ঠপোষক কর্তৃক আগামী ২১ ফেব্রুয়ারি ২০২১-এ 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২১' প্রদানের তথ্যটি সেমিনারে তুলে ধরেন। অধিকন্তু, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে 'বাংলাদেশে মাতৃভাষা চর্চা: বর্তমান বাস্তবতা' শীর্ষক একটি সময়োপযোগী জাতীয় সেমিনার আয়োজনের জন্য তিনি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রধান অতিথির বক্তব্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী একজন ভাষাবিজ্ঞানীর দৃষ্টিকোণ থেকে বাংলাদেশে মাতৃভাষা চর্চার বর্তমান চিত্র তুলে ধরেন। তিনি এ বিষয়ে সংশ্লিষ্টদের করণীয় সম্পর্কে সুস্পষ্টভাবে আলোকপাত করেন। পাশাপাশি, তিনি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের চলমান কার্যক্রমসমূহ ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে অতি-সংক্ষেপে তথ্য উপস্থাপন করেন।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী

সভাপতির বক্তব্যে অত্র ইনস্টিটিউটের পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা) প্রফেসর মোঃ শাফীউল মুজ নবীন উক্ত সেমিনারে আগত মূল প্রবন্ধ উপস্থাপনকারী, আলোচকবৃন্দ, আমন্ত্রিত অংশগ্রহণকারীসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তাঁর বক্তব্যে বাংলা ভাষাসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা সংরক্ষণ ও বিকাশের ক্ষেত্রে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের চলমান কার্যক্রম সম্পর্কে সংক্ষেপে বর্ণনা করেন এবং সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২০২০

(মোহাম্মদ আবু সাঈদ)

উপপরিচালক (সেমিনার, পরিকল্পনা ও ভাষা-জাদুঘর)

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।